দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 20 JUL 1989
পৃষ্ঠা 5 কলাম 7

# মেধাবী ছাত্রছাত্রীদের জন্য রাষ্ট্রপতির পুরস্কার

গত ৩রা জুন বহুল প্রচারিত দৈনিক 'সংবাদ'-এ মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য রাষ্ট্রপতির পুরস্কার পুনঃপ্রবর্তন সম্পর্কে ইসহাক আলীর চিঠির বক্তব্যের সাথে আমি একমত। মহামান্য রাষ্ট্রপতির পুরস্কার প্রবর্তন ও বৃত্তির অর্থের পরিমাণ বর্ধিতকরণ ছাড়াও অন্য একটি বিষয়ে মহামান্য রাষ্ট্রপতিসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

স্বাধীনতাপূর্বকালে এদেশে মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য "ট্যালেন্ট স্কীম" নামে একটি বৃত্তি চালু ছিল যাহা এস এস সি, এইচ, এস সি এবং স্নাতক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে আবাসিক ও অনাবাসিক এই দুই ভাগে প্রদান করা হত। এতে তৎকালে মেধাবী ছাত্র-ছাত্রীর বৃত্তির টাকাতেই তাদের পড়াশুনার খরচ চালিয়ে নিতে পারতো। ছাত্র-ছাত্রীরাও বৃত্তি রক্ষার্থে ভালভাবে লেখাপড়া করতো। পড়াশুনায় প্রতিযোগিতা ছিল। তাই আজকের এই অশান্ত ও বিশৃংখল পরিবেশে শিক্ষার মান উন্নত করতে শিক্ষাঙ্গনে শান্ত পরিবেশ ফিরিয়ে আনতে সাবেক "ট্যালেন্ট স্কীম" বৃত্তি বর্ধিত হারে প্রবর্তন করা একান্ত প্রয়োজন। সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতির পুরস্কার প্রবর্তনে ছাত্র সমাজ নিরুদ্বিগ্নভাবে লেখাপড়ায় মনোনিবেশ করে স্বীয় প্রতিভার বিকাশ ঘটিয়ে সৃজনশীল ক্ষমতা নিয়ে অগ্রসর হতে পারে বলে আমি বিশ্বাস করি।

মহামান্য রাষ্ট্রপতির এব্যাপারে সহানুভূতিপূর্ণ দৃষ্টি কামনা করছি।

কিশোরী মোহন মণ্ডল,
সহকারী অধ্যাপক,
রসায়ন বিভাগ,
মহীপুর হাজী মহসীন সরকারী কলেজ, পাঁচবিবি, জয়পুরহাট